



# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড

বকশিবাজার, ঢাকা।

website : www.bmeb.gov.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

নং বামাশিবো/রিক/সোনাইমুড়ি-নোয়াখালী-৪৮/

তারিখ: / / ২০১৭

## অফিস আদেশ

শিক্ষা মন্ত্রণালয়ের ২৬/০৪/২০১৭ তারিখের ৩৭.০০.০০০০.০৮৫.৮৬.০১৬.১৫-৩২৭ সংখ্যক পত্র মোতাবেক শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব আয় হতে শিক্ষক/কর্মচারীগণের বেতন ভাতা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক বহন করা হবে এবং এমপিও দাবী করা হবে না মর্মে মাদরাসা কর্তৃপক্ষ অঙ্গীকারনামা জমা দেয়ার পরিপ্রেক্ষিতে নোয়াখালী জেলার সোনাইমুড়ি উপজেলাধীন মহেশগঞ্জ ডাকঘরের অন্তর্গত হোসেনপুর দারুসছুন্নাহ ইসলামিয়া আলিম মাদরাসায় আলিম স্তরে একাডেমিক স্বীকৃতি নিম্নবর্ণিত শর্তে ০১/০৭/২০১৭ তারিখ হতে ৩০/০৬/২০২২ পর্যন্ত ০৫ (পাঁচ) বছরের জন্য দেয়া হলো। মাদরাসার কোড: 17830, EIIN: 107406.

### পালনীয় শর্তাবলী:

১. মহিলা কোটা পূরণের শর্তে।
২. বিধি মোতাবেক সকল পদে নিবন্ধনকৃত শিক্ষক নিয়োগ করতে হবে।
৩. স্বীকৃতি প্রাপ্তির পর স্বীকৃতি সংক্রান্ত কোন সমস্যার উদ্ভব হলে তাৎক্ষণিক মাদরাসার স্বীকৃতি প্রত্যাহার করা হবে।
৪. প্রত্যেক শ্রেণিতে বিশেষ করে উপরের শ্রেণিসমূহে ছাত্র/ছাত্রী সংখ্যা বৃদ্ধি করতে হবে।
৫. দাখিল চূড়ান্ত পরীক্ষার ফলাফল গুণগত ও সংখ্যাগত দিক দিয়ে সন্তোষজনক হতে হবে।
৬. ছাত্র/ছাত্রীদের জন্য পৃথক পৃথক শৌচাগার নির্মাণ করতে হবে।
৭. জনবল কাঠামোর নীতিমালা অনুযায়ী শিক্ষক/শিক্ষিকা ও কর্মচারী নিয়োগ করতে হবে।
৮. মাদরাসার প্রধান গৃহকে পাকা করতে হবে।
৯. মাদরাসার ক্যাম্পাসে ২৫০/৫০০টি বৃক্ষ রোপন, পরিচর্যা ও সংরক্ষণ করতে হবে।
১০. পাঠাগারে অন্যান্য ২০০০ খানা বই থাকতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

(মো: আবুল বাসার)

মাদরাসা পরিদর্শক

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

অধ্যক্ষ/তত্ত্বাবধায়ক

হোসেনপুর দারুসছুন্নাহ ইসলামিয়া আলিম মাদরাসা  
ডাকঘর- মহেশগঞ্জ, উপজেলা- সোনাইমুড়ি, জেলা- নোয়াখালী।

নং বামাশিবো/রিক/সোনাইমুড়ি-নোয়াখালী-৪৮/

তারিখ: ২৬/৫/২০১৭

### অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, রমনা, ঢাকা।
২. পরিচালক, ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয়, পলাশী, নীলক্ষেত, ঢাকা
৩. রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
৪. পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
৫. জেলা প্রশাসক, নোয়াখালী।
৬. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা  
ঢাকা/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/চট্টগ্রাম/কুমিল্লা/খুলনা/বরিশাল/সিলেট অঞ্চল
৭. উপজেলা নির্বাহী অফিসার, সোনাইমুড়ি, নোয়াখালী।
৮. জেলা শিক্ষা অফিসার, নোয়াখালী।
৯. অফিস কপি।

(মো: হোসেন)

উপ-পরিদর্শক

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।